দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

২

তারিখ 18 JAN 1989
পৃষ্ঠা ... 1 কলাম 7

২৬

# চট্টগ্রাম ভার্সিটি উন্নয়নে ১১ কোটি টাকা

মঙ্গলবার ঢাকায় জাতীয় নির্বাহী কমিটির (একনেক) বৈঠকে তৃতীয় পাঁচসালা পরিকল্পনার আওতায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আরো উন্নয়নের একটি প্রকল্প অনুমোদন করা হয়। প্রধানমন্ত্রী জনাব মওদুদ আহমদ বৈঠকে সভাপতিত্ব করেন।

বাসসর এই খবরে এক তথ্য বিবরণীর বরাত দিয়ে উল্লেখ করা হয়, মঙ্গলবারের বৈঠকে এই একটি

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটি

(প্রথম পৃঃ পর)

মাত্র প্রকল্প অনুমোদিত হয়। প্রকল্পে বিনিয়োগ ব্যয় হবে ১১ কোটি ৩২ লাখ টাকা। বিশ্ববিদ্যালয়ের সুষ্ঠু কাজকর্মের জন্য নিম্নতম প্রয়োজনীয় শিক্ষাগত এবং ছাত্র, শিক্ষক ও অন্যান্য কর্মচারীর আবাসিক সুযোগ-সুবিধার ব্যবস্থা প্রকল্পে করার বিধান রয়েছে।

বৈঠকে উপস্থিত ছিলেন কৃষিমন্ত্রী মেজর জেনারেল (অব) মাহমুদুল হাসান, পাটমন্ত্রী এ কে এম মাঈদুল ইসলাম, পরিকল্পনা মন্ত্রী এয়ার ভাইস মার্শাল (অবঃ) এ কে খন্দকার, মৎস্য ও পশু পালন মন্ত্রী সরদার অমজাদ হোসেন, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রী এ বি এম গোলাম মোস্তফা এবং অর্থমন্ত্রী ডঃ ওয়াহিদুল হক।

এছাড়া সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও ডিভিশনসমূহ এবং পরিকল্পনা কমিশনের সদস্য কর্মকর্তারা বৈঠকে উপস্থিত ছিলেন।